

POPI
নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তিন দশকেরও বেশি সময় ধরে সুনামের সাথে কাজ করে আসছে। সংস্থার ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	বয়স	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	বেতন
১	সহকারী কর্মসূচী ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম)	৪৭ বছর	স্নাতক/স্নাতকোত্তর	সংশ্লিষ্ট পদে ২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন এবং ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে ন্যূনতম ৭ বছরের অভিজ্ঞতাসহ কমপক্ষে ৪টি শাখা পরিচালনার অভিজ্ঞতা।	শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ৫০,৭৯২/- এবং স্থায়ীকরণের পর ৫৪,৫৯৮/-।
২	আঞ্চলিক অর্থ ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম-১৭ জন)	৪৭ বছর	হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর	ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ঋণ কর্মসূচিতে সংশ্লিষ্ট পদে ন্যূনতম ৩ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতাসহ ২০-২৫টি শাখা পরিচালনায় দক্ষতা থাকতে হবে। মোটরসাইকেল চালনায় পারদর্শী এবং কম্পিউটারে বেসিক ধারণা, ইন্টারনেট ব্যবহার জানা থাকতে হবে।	শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ৫০,৭৯২/- এবং স্থায়ীকরণের পর ৫৪,৫৯৮/-।
৩	শাখা ব্যবস্থাপক (ঋণ কার্যক্রম)	৪২ বছর	স্নাতক/স্নাতকোত্তর	ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ৪২,৫৮০/- এবং স্থায়ীকরণের পর-৪৮,৩৭০/- (লাঞ্চ ভাতাসহ)।
৪	অডিট অফিসার	৩৫ বছর।	বানিজ্যে স্নাতক/স্নাতকোত্তর	সংস্থার বিভিন্ন জেলায় অবস্থিত শাখা ও প্রকল্প অফিসে অবস্থান করে নিরীক্ষা কাজ করতে হবে এবং নিরীক্ষা প্রতিবেদন তৈরী করতে হবে। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ১-২ বছর সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার কাজে পারদর্শী হতে হবে।	শিক্ষানবিশকাল সর্বসাকুল্যে ৩২,০৭২/- এবং স্থায়ীকরণের পর- ৩৪,৬৬৮/-।
৫	মাঠ কর্মকর্তা (ঋণ কার্যক্রম)	২৫-৩৫ বছর	স্নাতক/স্নাতকোত্তর	অভিজ্ঞতার প্রয়োজন নাই। তবে ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।	শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ২৪,৭৬০/- এবং স্থায়ীকরণের পর ২৯,৩৪০/- (লাঞ্চ ভাতাসহ)।
৬	মাঠ সহকারী (ঋণ কার্যক্রম)	২৫-৩৫ বছর	এইচএসসি	অভিজ্ঞতার প্রয়োজন নাই। তবে ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।	শিক্ষানবিশকালে সর্বসাকুল্যে ১৭,৯৯৬/- এবং স্থায়ীকরণের পর ২১,৯৯৪/- (লাঞ্চ ভাতাসহ)।

অন্যান্য শর্তাবলী ও সুবিধাসমূহ :

- সকল পদের জন্য শিক্ষানবিশকাল ৬ মাস। শিক্ষানবিশকালে মোবাইল ভাতা, স্বল্প মূল্যে একক আবাসন সুবিধা (৩, ৫ ও ৬ নং পদের জন্য প্রযোজ্য), স্বল্পসুদে মোটরসাইকেল ক্রয়ের ঋণ ও মোটরসাইকেলের জ্বালানী, রক্ষণাবেক্ষণ ব্যয় (শুধুমাত্র ১ ও ৩ নং পদের জন্য প্রযোজ্য) এবং স্থায়ীকরণের পর বাৎসরিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্রাটুইটি, বছরে দুইটি উৎসব ভাতা ও বৈশাখী ভাতা প্রদত্ত হবে। এছাড়াও দূরত্ব ভাতা, উৎসাহ ভাতা, হাওড় ভাতা ও শহর ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদত্ত হবে।
- নিয়োগের জন্য মনোনীত হলে প্রার্থীদের জামানত বাবদ পদ অনুযায়ী, শাখা ব্যবস্থাপক ২৫,০০০/- টাকা, মাঠ কর্মকর্তা ২০,০০০/- টাকা এবং মাঠ সহকারী পদের জন্য ১৮,০০০/- টাকা প্রদান করতে হবে যা সুদসহ ফেরতযোগ্য। মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদে নির্বাচিত প্রার্থীদের ৫ দিনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। মৌলিক প্রশিক্ষণ ফি বাবদ অতিরিক্ত ৪,০০০/- টাকা প্রশিক্ষণ কেন্দ্রে প্রদান করতে হবে।
- মাঠ কর্মকর্তা ও মাঠ সহকারী প্রার্থীদের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সাপেক্ষে মোটরসাইকেল জ্বালানী ও রক্ষণাবেক্ষণ খরচ প্রদান করা হয়।
- নির্বাচিত প্রার্থীদের ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, ময়মনসিংহ ও রংপুর বিভাগে পপি'র কর্মএলাকায় নিয়োগ দেয়া হবে। তাছাড়া অন্যান্য বিভাগেও কাজ করার আগ্রহ থাকতে হবে।
- শুধুমাত্র মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদের প্রার্থীদের নরসিংদী, কুমিল্লা, ময়মনসিংহ, রংপুর, চট্টগ্রাম ও ঢাকা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাঠ কর্মকর্তা ও মাঠ সহকারী প্রার্থীগণ খামের উপরে অবশ্যই পদের নাম ও যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তা অবশ্যই উল্লেখ করতে হবে।
- মাঠ কর্মকর্তা এবং মাঠ সহকারী পদের প্রার্থীদেরকে “পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি)” একাউন্ট নম্বর-৪৪১৫৬০৩০০০০৭১ (সোনালী ব্যাংক লিঃ, ধানমন্ডি কর্পোরেট শাখা) এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ২০০/-টাকা অনলাইনে জমা করে জমা রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- অধ্যয়নরতদের আবেদন করায় নিরুৎসাহিত করা যাচ্ছে।

আগ্রহী প্রার্থীগণকে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র, শিক্ষা ও অভিজ্ঞতার সনদপত্র, বিগত প্রতিষ্ঠানের ছাড়পত্র (পূর্ব অভিজ্ঞতার ক্ষেত্রে), বৈধ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (১ ও ৩ নং পদের জন্য), ২ কপি সদ্য তোলা রঙিন ছবি, এলাকার দুইজন গণ্যমান্য ব্যক্তির (যাদের মধ্যে একজন শিক্ষক) নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং আবেদনকারীর A4 সাইজের পেপারে আবেদনপত্রসহ আগামী ২০/১২/২০২৫ তারিখের মধ্যে বরাবর, মানবসম্পদ বিভাগ, পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭, ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয়ে সরাসরিও আবেদন পত্র গ্রহণ করা হয়। খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

বিদ্র: বিস্তারিত জানতে **POPI Job Circular Facebook Page & website: www.popibd.org** দেখুন।